ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
ফোনঃ ০২৪৭৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com,
ওয়েবসাইটঃ https://pbs.jhenaidah.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২৪. ৪৪৩৬

তারিখঃ ১৮ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## বিষয়: আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির লাইন টেকনিশিয়ান এর শূন্য পদ পূরণের লক্ষ্যে পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত, ২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী "লাইনম্যান গ্রেড-১" গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### পদের নামঃ লাইন টেকনিশিয়ান।

০১) **প্রার্থীর যোগ্যতাঃ**

ক) এসএসসি অথবা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাস সহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইনক্রু হিসেবে মোট চাকুরীকাল কমপক্ষে ১০ বছর হতে হবে।
খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিংশীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।
চ) প্রার্থীকে আবশ্যই পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।
ছ) অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।
জ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩(তিন) বৎসরের কর্মমূল্যায়ন রেটিং আলাদা আলাদাভাবে অবশ্যই ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।
ঝ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ও ৩০০-২৪ এবং পল্লী বিদ্যুৎ সমিতি চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত, ২০১২) অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ হতে হবে।
ঞ) জনগনের সাথে সৌজন্যমূলক ও মাধুর্য্যপূর্ন আচরণ করার মানসিকতা থাকতে হবে।

### শর্তাবলীঃ

০১) আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) অভিজ্ঞতা (ঠ) লাইনম্যান গ্রেড-১ পদে যোগদানের তারিখ, (ড) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিতকরনের তারিখ (ঢ) একই পদে অন্য কোন পবিস-এ পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পবিসের নাম ও তারিখ উল্লেখ পূর্বক আবেদনপত্রসহ **আগামী ২৪/১২/২০২৪ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায়** ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, রাউতাইল, ঝিনাইদহ **এ স্ব-শরীরে উপস্থিত** হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০২) **আবেদনপত্রের সহিত নিম্নে বর্নিত কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ**

(ক) চাকুরীতে প্রথম যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।
(ঙ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(ছ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(জ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
(ঝ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
(ঞ) আবেদনকারীকে পদোন্নতির জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তির সনদপত্র এবং বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে প্রাপ্ত দন্ডসমূহ (স্মারক ও তারিখসহ) উল্লেখ পূরবক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। যদি বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে কোন দন্ড না থাকে তা প্রত্যয়নপত্রে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
(ট) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

**চলমান পাতা-০২**

০৩) **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছে;
(ঘ) বিগত ০৪ (চার) বছরের মধ্যে একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

০৪) **পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে ।
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে ।
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন অথবা সার্ভিস কোড/ নির্দেশিকা/ সার্কুলার অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৬) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৭) প্রার্থীদের কম্পিউটার পরিচালনা সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকা কাম্য।

০৮) তথ্য গোপন করে যদি কেহ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯) বিভাগীয় তদন্ত চলমান/ শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে, এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১০) পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

১১) ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

১২) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ প্রতিপালন করা হবে।

১৩) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও অত্র সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় (First Blood) কারো আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/ নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪) যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৫) নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৬) নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৩/১২/২৪

( প্রকৌঃ মোহাম্মদ ওমর আলী )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**অনুলিপিঃ** সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)। **( বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ )।**

০১) নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ।
০৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------পবিস-১/২/৩/৪।
০৫) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, ঝিনাইদহ ।
০৬) ডিজিএম, সদর-কারিগরী/ কালীগঞ্জ/ শৈলকুপা/ মহেশপুর/ হরিনাকুন্ডু জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
০৭) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/ বারবাজার/ হাটফাজিলপুর/ ভৈরবা সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
০৮) এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), ঝিনাইদহ পবিস।
০৯) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ঝিনাইদহ পবিস। **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০) নোটিশবোর্ড, ঝিনাইদহ পবিস।
১১) অফিস কপি ।

০৩/১২/২৪

( প্রকৌঃ মোহাম্মদ ওমর আলী )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)